





দুর্নীতি দমন কমিশন  
ঢাকা, বাংলাদেশ

“স্বাধীন মিলে পূর্ণতা দেয়া,  
দুর্নীতি মুক্ত বাংলাদেশ”

স্মারক নং- ৩৭৮/২  
প্রাপ্তির তারিখ: ৩/৩/১৬  
শাখা: আইডি/সংস্থা  
প্রাপ্তির তারিখ:

স্মারক নং- দুদক/প্রতিরোধ/কার্যক্রম/০১/১৫/১০৩৫৯

তাং- ২৭/৩/২০১৬ খ্রি.

**বিষয়:** নির্বাচনী পরীক্ষায় (Test) অনুষ্ঠীর্ণ ছাত্র/ছাত্রীদের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে পাবলিক পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অনিয়ম রোধ।

দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে সততা ও নিষ্ঠাবোধ সৃষ্টি করা এবং দুর্নীতির বিরুদ্ধে গণসচেতনতা গড়ে তোলার লক্ষ্যে দুর্নীতি দমন কমিশন অব্যাহতভাবে নানাবিধ কার্যক্রম পরিচালনা করে আসছে। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে পাঠদান এবং পরীক্ষা গ্রহণ সংক্রান্তে নানাবিধ অনিয়ম গণমাধ্যমে প্রকাশিত হয়েছে। দুর্নীতি দমন কমিশন আইন ২০০৪ এর ১৭ (ট) ধারা মতে এ সকল বিষয় সংশ্লিষ্টদের গোচরীভূত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা কমিশনের অন্যতম দায়িত্ব।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার পূর্বে নির্বাচনী পরীক্ষা (Test) অনুষ্ঠানের নিয়ম রয়েছে। উক্ত নির্বাচনী পরীক্ষায় সকল বিষয়ে (Subject) উত্তীর্ণরাই পাবলিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে মর্মে বিধান বিদ্যমান। সম্মানিত প্রধান শিক্ষক/অধ্যক্ষগণকে উল্লিখিত উত্তীর্ণের বিষয়টি প্রত্যয়ন করতে হয়। কিন্তু, অনেক ক্ষেত্রে নির্বাচনী পরীক্ষায় এক/একাধিক বিষয়ে অনুষ্ঠীর্ণ পরীক্ষার্থীদেরকেও ঐরূপ প্রত্যয়নপত্র প্রদানপূর্বক চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হয়ে থাকে মর্মে অভিযোগ রয়েছে। যা বন্ধ হওয়া সমীচীন।

এমতাবস্থায়, নির্বাচনী পরীক্ষায় (Test) অনুষ্ঠীর্ণ ছাত্র/ছাত্রীদেরকে পাবলিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ না দেয়ার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। এক্ষেত্রে নির্বাচনী পরীক্ষার খাতাসমূহ পাবলিক পরীক্ষা না হওয়া পর্যন্ত সংরক্ষণ করা এবং মাঝে মাঝে তার নমুনা পরীক্ষা করার ব্যবস্থা গ্রহণ করলে এ সকল অনিয়ম অনেকাংশেই কমবে মর্মে দুর্নীতি দমন কমিশন মনে করে।

উল্লিখিত বিষয়ে যথাযথ সদয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

Jr (M) - ১  
M/D

সচিব  
শিক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়  
ঢাকা।

শিক্ষণ সচিবের দপ্তর	
ক্র. নং	তারিখ
১	১৩/৩/১৬
২	১৩/৩/১৬
৩	১৩/৩/১৬
৪	১৩/৩/১৬

(আবু মো: মোস্তফা কামাল)  
সচিব  
ফোন: ৯৩৬০১১০

৩৩৩  
৩/৪/১৬

শিক্ষা মন্ত্রণালয়  
শাখা: ১০১২  
ডায়েরী নং: ৩০৬  
তারিখ: ৩/৩/১৬

শিক্ষা মন্ত্রণালয়  
সুপা-সচিব (মাধ্যমিক-২)  
ডায়েরী নং: ৩০৬  
তারিখ: ৩/৩/১৬  
১৩  
বিবিধ